

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২০৯

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১০০১তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ১০০১তম কমিশন সভা অদ্য ০৩/০৩/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১। অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড 'LankaBangla Fixed Income Fund'-এর খসড়া প্রসপেক্টাস ও খসড়া প্রসপেক্টাসের সার-সংক্ষেপ (Abridged Version) অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ (পঁচিশ) কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'LankaBangla Asset Management Company Limited' ২.৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২২.৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছে 'LankaBangla Asset Management Company Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'Sandhani Life Insurance Company Ltd. (SLIC)' এবং 'Commercial Bank of Ceylon PLC.'।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে



মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র